কোটচাঁদপুরে জিয়াউর রহমানের জন্মবার্ষিকী পালিত

কোটচাঁদপুরে মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা আধুনিক বাংলাদেশের স্থপতি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমারে ৮৯ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। সোমবার বিকেলে স্থানীয় দলীয় কার্যালয়ে দিবসটি পালন করেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহসভাপতি আবু বক্কর বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক, পৌর বিএনপির সহ-সভাপতি মিজানুর রহমান খোকন, সাবেক কমিশনার শারাফত হোসেন পুটকে, পৌর যুব দলের সদস্য সচিব সেলিম রেজা মধু ও পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব শাহানুর রহমান সাহান।

পরে ৮৯ তম জন্মবার্ষিকীর কেক কাটেন দলীয় নেতা- কর্মীরা। এরপর দোয়া অনুষ্ঠান করা হয়। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন পৌর ছাত্র দলের আহবায়ক বাঁধন রাজবীর (নিশু)।

ঝিনাইদহে এসএ টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে এসএ টিভির ১২তম প্রতিষ্ঠাবাষির্কী পালিত হয়েছে। রোববার (১৯ জানুয়ারি) দুপুরে শহরের ফ্যামিলি জোন রেস্টুরেন্টে এ উপলক্ষ্যে আলোচনাসভা ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ

ইকবাল মাখন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম রায়হান, আমিনুর রহমান টুকু, বিমল কুমার সাহা, সাবেক সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন জোয়ার্দ্দার, সাধারন সম্পাদক আমিনুল ইসলাম লিটন, এসএ টিভির জেলা প্রতিনিধি ও প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজিব হাসানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, আগামীতে এসএ টিভির উত্তরোত্তর সাফলতা কামনা করেন। পরে এসএ টিভির ১২তম প্রতিষ্ঠাবাষির্কীর কেক কাটা হয়।

ঝিনাইদহে ফুরফুরা শরীফের পীর ন’হুজুর কেবলার ওফাত দিবস পালিত

ফুরফুরা শরীফের পীর এ কামেল, মাদারজাদ ওলি, গাওসুল ওয়াক্ত হজরত মওলানা শাহ সুফী নাজমুস সায়াদাত সিদ্দিকী ন’হুজুর পীর কেবলা (রহঃ) এঁর ৪৪তম ওফাত দিবস গতকাল মঙ্গলবার (৭ জানুয়ারি) যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাব গাম্ভির্য্যের সাথে পালিত হয়।

এ উপলক্ষ্যে ঝিনাইদহের বিভিন্ন এলাকায় জমিয়তে জাকেরিণের পক্ষ থেকে হতদরিদ্র ও দুস্থ পরিবারের মাঝে গরম কাপড় বিতরণ করা হয়। এছাড়া সন্ধ্যায় ব্যাপারীপাড়া সায়াদাতিয়া খানকাহ শরীফ, ঢাকার ট্রফিক্যাল হাইওয়ে হোমস ও খুলনা শহরে বাকীবিল্লাহ ভবনে সন্ধ্যায় সওয়াব রেসানী, জিকির, মিলাদ ও দোয়ার মাহফিলের আয়োজন করা হয়। মহাফিলে দেশ-জাতির শান্তি কামনা ও বিশে^র নির্যাতিত মুসলিমদের জন্য খাস ভাবে দোয়া করা হয়। ফুরফুরা দরবার শরীফেরও দিবসটি যথাযথ ভাবে পালিত হয়।

১৯৮২ সালের এই দিনে ন’হুজুর পীর কেবলা নামে পরিচিত ফুরফুরা শরীফের পীর হজরত মাওলানা শাহ সুফী নাজমুস সায়াদাত সিদ্দিকী (রহঃ) ভক্ত আশেকানদের কাঁদিয়ে ওফাত প্রাপ্ত হন। দিবসটি পালনে প্রতিবছরই দুই বাংলার ভক্ত আশেকানরা ব্যাপক কর্মসূচি গ্রহন করে থাকেন।

হুজুরের ৪৪তম ওফাত দিবস পালনের প্রাক্কালে ন’হুজুর পীর কেবলার পৌত্র ও জমিয়তে জাকেরিণের মুখ্য নির্দেশক মওলানা মোহাঃ আল্লামা জাবিহ্হুল্লাহ (মাদ্দঃ) সিদ্দিকী দাদা হুজুর কেবলার সিলসিলা আঁকড়ে ধরে তার মত ও পথের উপর মুরীদ ও ভক্ত আশেকানদের কায়েম থাকার আহবান জানান।

দামুড়হুদায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় সমাজ সেবা দিবস উপলক্ষে র্যালী, মুক্ত আড্ডা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ রা জানুয়ারি) সকাল ১০ টায় “নেই পাশে কেউ যার সমাজসেবা আছে তার ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের যৌথ আয়োজনে পরিষদ চত্বর থেকে প্রথমে র্যালী বের হয় পরবর্তীতে পরিষদের সভাকক্ষে ওয়াকাথন ও কল্যাণ রাষ্ট্র বিনির্মাণ বিষয়ক মুক্ত আড্ডা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন সমাজসেবা বিষয় প্রতিটি মানুষের জীবনের সাথে জড়িত, বিশেষ করে সমাজের অসহায় দরিদ্র শ্রেনীর মানুষ গুলো সমাজসেবা কার্যালয় থেকে সুবিধা নিয়ে থাকে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজের বিধবা, প্রতিবন্ধী, বয়স্ক মানুষের, জটিল রোগ ব্যাধিতে আক্রান্ত ব্যাক্তিকে সহযোগিতাসহ প্রায় ৫৩ প্রকার ভ্রাতা সরকার দিচ্ছে। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে মূলস্রোতে আনার জন্য আমরা ভিক্ষুক মুক্ত করার চেষ্টা করেছি তাদের গবাদিপশু প্রদান, দোকান করে দেওয়া হয়েছে, ভ্যান কিনে দেওয়া হয়েছে, কিন্তু উপকার ভোগীরা এগুলো গ্রহণ করে পরবর্তীতে বিভিন্ন ভাবে বিক্রি করে দিয়ে আবার আগের অবস্থায় ফিরে আসে। উপকার ভোগীদের অবশ্যই

মানসিকতার পরিবর্তন করতে হবে। যাতে আমরা সমাজ সেবা কার্যালয় থেকে সহযোগিতা নিয়ে নিজেদের উন্নয়ন করতে পারি সেই চিন্তা চেতনা তৈরি করতে হবে। মানুষ বিধবা নয় বিধবা সেজে যাচ্ছে, প্রতিবন্ধী নয় সেজে যাচ্ছে, রোগী নয় সেজে যাচ্ছে এগুলো করা যাবে না।

উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদের সঞ্চালায় এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ্, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, শিক্ষা কর্মকর্তা আবু হাসান, মৎস কর্মকর্তা ফারুক মহলদার, আনসার ভিডিপি কর্মকর্তা মোহাম্মদ সাজিদ, যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মাওলানা কামরুজ্জামান, এনজিও কারিতাস প্রতিনিধি বাপ্পা মন্ডল, সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের প্রতিনিধি, সমাজসেবা কার্যালয়ের সুবিধা ভোগী ব্যাক্তিবর্গসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাউলী ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহ-সভাপতি মহিউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক

মালেক রুস্তম, হাউলী ইউনিয়ন ছাত্রদল নেতা নয়ন, আলিফ, কুরবান, আশরাফুল, আশিক, সজিবুল, হাবিব, রানা, অপু, সাব্বির, মাহাতাব, আকাশ, রাব্বি, লিটন, সিজান, স্বপন, অন্তর, রাজু, নূরালি, সোহান, ওবায়দুল্লাহসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক তানজিল হাসান তামিম ও সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

পরে বিকাল সাড়ে ৫টার সময় হাউলী ইউনিয়ন বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

ঝিনাইদহে জাতীয় পার্টির ৩৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় পার্টির ৩৯ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। সংগঠনটির জেলা শাখার আয়োজনে বুধবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতি মেজর (অব:) মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক এমদাদুল ইসলাম বাচ্চু, সাংগঠনিক সম্পাদক আসিফ উদ্দিন লাভলু দপ্তর সম্পাদক অরবিন্দ বিশ্বাস, যুগ্ম-সাধারণ সম্পাদক ও জেলা স্বেচ্ছাসেবক পার্টির আহবায়ক কবির উদ্দিন, জেলা জাতীয় পার্টির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সুলতান আহমেদ সোহাগ, জেলা জাতীয় তরুণ পার্টির সদস্য সচিব আক্তারুজ্জামান ও সদর উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক আজিজুর রহমান অটোসহ হরিণাকুন্ডু, মহেশপুর, কোটচাদপুর, কালীগঞ্জ ও শৈলকুপা উপজেলার জাতীয় পাটির ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা, গণতন্ত্রের চর্চা ও সুষ্ঠু ধারার রাজনীতি করতে সকলকে জাতীয় পাটির পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

পরে প্রয়াত রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদের আত্মার মাগফেরাত কামনা ও বর্তমান চেয়ারম্যান জি এম কাদেরের সু-স্বাস্থ্য কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

দামুড়হুদায় ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

১৯৭৯ সালের ১ জানুয়ারি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই সংগঠন প্রতিষ্ঠা করেন। এর পর বিভিন্ন চড়াই-উতরাই পেরিয়ে দেশের অন্যতম বৃহৎ ছাত্রসংগঠনে পরিণত হয় ছাত্রদল। তারই উপলক্ষে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন। র্যালি শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বিএনপি ও ছাত্রদলের নেতারা বক্তৃতা দেন। তারা দলীয় ঐক্য বজায় রাখা এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আহ্বান জানান। উচ্ছ্বাস ও দেশপ্রেমে উজ্জীবিত এ র্যালি দলীয় কর্মসূচি সফল করতে স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

অনুষ্ঠানে দলীয় নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। আজ বুধবার সকাল ১০ টার সময় দামুড়হুদা বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সভাপতি আফজালুল হক সবুজের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মন্টু মিয়া, দামুড়হুদা উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আব্দুর রহিম, সাধারণ সম্পাদক মোঃ আনছার আলী,দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ জাকির

হোসেন,দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক জনি, ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামামুল হকসহ বিভিন্ন ইউনিয়নের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এম ডিকে সুলতান জসিম।

দর্শনায় যথাযোগ্য মর্যদায় মহান বিজয় দিবস পালিত

দর্শনায় যথাযোগ্য মর্যদায় নানা আয়োজনে মহান বিজয় দিবস পালিত হয়েছে। এ সব কর্মসূচির মধ্যে ছিলো রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের তোপধ্বনী, এ উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে নিজ নিজ প্রতিষ্ঠানে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন, দর্শনা কেরুজ আনন্দবাজার স্মৃতিস্তম্ভে পুস্পমাল্য অর্পন, শপত বাক্য পাঠ, দোয়া মাহফিল ও সংক্ষিপ্ত আলোচনা করেন।

চুয়াডাঙ্গা জেলা জামায়েতের সহকারী সেক্রেটারী আব্দুল কাদের ও পৌর আমির সাইকুল আলম অপু, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট ও শ্রমিক দলের জেলা সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান, কেরুজ শ্রমিক ও কমূচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ ও সাবেক শ্রমিক নেতা হাফিজুল ইসলাম ও মাসুদ সংগঠনের কর্নধর সৌমিক হাসান রুপমসহ সংগঠনের নেতৃবৃন্দ শহীদ মিনারে ফুলেল শুভেচ্ছা জানায়।

দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ওসমান আলী। এরপর দর্শনা পৌরসভাসহ দর্শনা পৌরসভার আয়োজনে নিজ নিজ প্রতিষ্ঠানে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন, দর্শনা কেরুজ আনন্দবাজার স্মৃতিস্তম্ভে পুস্পমাল্য অর্পন, শপত বাক্য পাঠ, দোয়া মাহফিল ও সংক্ষিপ্ত আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা জামায়েতের সহকারী সেক্রেটারী আব্দুল কাদের ও পৌর আমির সাইকুল আলম অপু, দর্শনা

পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট ও শ্রমিক দলের জেলা সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কেরু চিনিকলের ফুটবল মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি।

১৬ ডিসেম্বর সোমবার সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন।চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা পৌরসভা, দর্শনা মুক্তিযোদ্ধা সংসদ, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সরকারী কলেজ, দর্শনা রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, চুয়াডাঙ্গা আন্তঃ ট্রাংকলরী শ্রমিক ইউনিয়ন, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, হিন্দোল সংগীত পরিষদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, শান্তি নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা ডি এস ফাযিল ডিগ্রী মাদ্রাসা, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়, দর্শনা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, মাথাভাঙ্গা যুব সংঘ, পশ্চিম রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিন চাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ ও নাটুদহ হাই স্কুলের শিক্ষক আনোয়ার হোসেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত

“প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার, বৈষম্যহীন বাংলাদেশ, আমাদের সবার” এ শ্লোগানে ঝিনাইদহে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে সেবা সপ্তাহ এবং চাকুরী মেলার উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকালে ঝিনাইদহ সরকারি কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)’তে আন্তর্জাতিক অভিবাসী দিবস চাকুরি মেলা ও সেবা সপ্তাহ’র উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক মো: আব্দুল আওয়াল।

টিটিসি’র অধ্যক্ষ মো: রুস্তম আলীর সভাপতিত্বে সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বকুল চন্দ্র কবিরাজ, বিসিক’র উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, ডিইএমও সহকারী পরিচালক সামিউল ইসলাম সহ অন্যান্যরা।

ঝিনাইদহে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহ ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা ও অন্যান্য কর্মসূচী পালন করা হয়েছে। আজ শনিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর মোরশেদ বিপিএম-সেবা বক্তব্য রাখেন।

এছাড়াও বক্তব্য রাখেন সুশীল সমাজের প্রতিনিধি এম এম শাহজালাল, বীর মুক্তিযোদ্ধা ঝিনাইদহ ল কলেজের প্রিন্সিপাল এবং পিপি মশিয়ার রহমান, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, ঝিনাইদহ জেলা রিপোর্টার ইউনিটির সভাপতি এম এ কবীর, বৈষম্য বিরোধী ছাত্র

আন্দোলনের নেতা আবু হুরাইরা প্রমূখ। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক বকুল চন্দ্র কবিরাজ এর পরিচালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরে সকল শহীদ বুদ্ধিজীবীদের বিনম্র শ্রদ্ধাভারে স্মরণ করেন ও তাদের আত্মার মাগফিরাত কামনা করেন।

সভায় বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ,স্কাউটস ও বিভিন্ন শ্রেণী পেশার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।